গাংনীতে জামায়াতের যুব বিভাগের উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর যুব বিভাগের উদ্যোগে বিশাল র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী পৌর যুব বিভাগের উদ্যোগে আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকালে এই র্যালিটি গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক ও হাসপাতাল চত্তর ঘুরে গাংনী বড়বাজার শহীদ আবু সাঈদ চত্বরে এসে শেষ হয়।

র্যালি শেষে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী পৌর যুব বিভাগের সভাপতি মোঃ জয়নাল আবেদীন।

সমাবেশ প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুব বিভাগের সেক্রেটারি মজনুল হক লিপটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনীয় উপজেলা যুব বিভাগের সভাপতি মোঃ আবু সায়েম, গাংনী পৌর জামায়াতের সেক্রেটারি ওয়াস কুরুনি জামিল, উপজেলা জামাতের বাইতুল মাল সম্পাদক শামসুল হুদা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌর যুব বিভগের সেক্রেটারি যুব বিভাগের রওশন মাহমুদ, পৌর জামাতের চার নম্বর ওয়ার্ড সভাপতি হাফেজ সাইফুল্লাহ, ৭ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ার প্রমুখ।

আগামীকাল রবিবার ২২ ডিসেম্বর গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কর্মী সমাবেশ উপলক্ষে এই র্যালির আয়োজন করে জামায়াতে ইসলামীর যুব সংগঠনটি।

এদিকে কর্মী সম্মেলনের নির্ধারিত স্থান গাংনী ফুটবল মাঠটি পরিদর্শন করেছেন জামায়াত নেতৃবৃন্দ।

বিকালে গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার মো: রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা, পৌর জামায়াতের আমীর আহসানুল হক, উপজেলা জামায়াতের বায়তুল মাল

সম্পাদক জিল্লুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দীর্ঘ ১৭ বছর পর জামায়াতে ইসলামীর উদ্যোগে গাংনীতে রাজনৈতিক কর্মসূচী পালন করতে যাচ্ছে দলটি। কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর- কুষ্টিয়া অঞ্চল পরিচালক মোবারক হোসাইন। বিশেষ অতিথির বক্তব্য রাখবেন মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খানসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

মেহেরপুরে ২ নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুরের ২ নং ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে শীতার্ত মানুষদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর শহরের ২ নং ওয়ার্ডের হালদার পাড়ায় এই কম্বল বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। বিএনপির স্থানীয় নেতাকর্মীরা এই উদ্যোগে অংশ নেন এবং এলাকার দরিদ্র ও শীতার্ত মানুষদের হাতে কম্বল তুলে দেন।

স্থানীয় বিএনপি নেতারা জানান, প্রতিবছর শীত মৌসুমে তারা গরিব ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করেন। এরই ধারাবাহিকতায় এবারও এই উদ্যোগ নেওয়া হয়েছে।

এসময় পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনা, দপ্তর সম্পাদক মোহাম্মদ নাসিম খান, পৌর শ্রমিকদলের সভাপতি মীর বকুল, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, পৌর যুবদলের সদস্য সচিব পৌর নওশেল আহমেদ রনি, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক এম এ মাবুদ, মোহাম্মদ সোহেল, মিলন আলীসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

স্থানীয় বাসিন্দারা বিএনপির এই উদ্যোগের প্রশংসা করেন এবং

ধন্যবাদ জানান।

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে শ্যামপুর ইউনিয়নে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকেল ৩ টার দিকে কুতুবপুর ইউনিয়নের তেরোঘরিয়া গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শোলমারি ও রুদ্রনগর গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদকে ফুলের শুভেচ্ছা দেন।
এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, ওমর ফারুক লিটন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ব্যক্তির চেয়ে দল বড় দলের চেয়ে

দেশ- আমিরুল ইসলাম

বিএনপির নেতাকর্মীকে সুসংগঠিত করে ধানের শীষকে বিজয়ী করার জন্য আমাদের দায়িত্ব দেওয়া হয়েছে। আপনি দল গোছাবেন না, ধানের শীষ কি এমনি এমনি হবে। আওয়ামীলীগ ওত পেতে বসে আছে আর জামায়াত দোয়া মন্ত্র যা দরকার বিএনপির মধ্যে ঢোকাচ্ছে সবাধান হতে হবে। আগে দল গোছাতে হবে। পাঁচ তারিখের বিএনপি আর পাঁচ তারিখের আগের বিএনপি আলাদা। পাঁচ তারিখের আগের বিএনপির কিছুটা স্থিতিশীল ছিল। আপনি চাঁদাবাজি অন্যায় অত্যাচার করলে কিছুটা মাপ পেতেন।

পাঁচ তারিখের পরে রক্তক্ষরণের মধ্যে দিয়ে এদেশ স্বাধীন হয়েছে আপনি ছাত্র-জনতার রক্তক্ষরণের এদেশ ব্যবহার করবেন, চাঁদাবাজি করবেন, লুটপাট করবেন, ড্রোন ক্যামেরায় ধরা পড়েছেন। যাচাই-বাছাই করা হয়েছে, আমরা পাঁচ তারিখের পরে পরীক্ষায় পাশ করেছি। সেই কারণে আজকে আমাদের দল গোছানোর দায়িত্ব দিয়েছে।

গতকাল শুক্রবার বিকালে মুজিবনগর রেস্ট হাউসে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে, মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটির নেতৃত্বে দারিয়াপুর ইউনিয়ন বিএনপি কে আরো গতিশীল ও শক্তিশালী করার লক্ষে কর্মী সভায় এসব কথা বলেন, অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা বিএনপির ১ নং যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

নবগঠিত আহবায়ক কমিটির কর্মী সভায় মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির শহিদুল ইসলাম বিশ্বাস, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির (ভারপ্রাপ্ত সভাপতি) শামসুজ্জোহা।

বক্তব্য রাখেন, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারন সম্পাদক নাহিদ, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দীন, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির অন্যতম নেতা সাদী মাষ্টার, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির অন্যতম নেতা হাফিজুল ইসলাম মাস্টার, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক রায়হানুল কবির, কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি আব্দুর সবুর, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম। এ সময় দারিয়াপুর ইউনিয়ন বিএনপির বিপুল সংখ্যাক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটি।

আজ শুক্রবার (২০ ডিসেম্বর) সকাল সাড়ে নয়টার দিকে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

কর্মসূচির অংশ হিসেবে শহরের গুরুত্বপূর্ণ স্থান বড় বাজারে পথসভা ও লিফলেট বিতরণ করেন তারা।

এসময় জাভেদ মাসুদ মিল্টন বলেন, তারেক রহমানের উপস্থাপিত এই ৩১ দফা দেশকে গণতন্ত্রের পথে ফিরিয়ে নিতে এবং একটি সমৃদ্ধ ভবিষ্যৎ নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমরা এই দফাগুলো সাধারণ মানুষের সামনে তুলে ধরছি, যাতে তারা দেশের কল্যাণে এগিয়ে আসেন।

এছাড়াও এসময় জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, ওমর ফারুক লিটন, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গ্রেফতার

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইনকে (৬০) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ শুক্রবার (২০ ডিসেম্বর) সকাল ৭ টার দিকে মুজিবনগর থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

রফা গাইন মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের আমির গাইনে ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, রফা গাইনের নামে দুটি চাঁদাবাজিসহ একাধিক মামলা রয়েছে। গতকাল শুক্রবার সকালের দিকে গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করা হয়। পরে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামের নেতৃত্বে বুড়িপোতা ইউনিয়নে একটি বিশাল গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ বুধবার ( ১৮ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শালিকা, বাজেতপুর, হরিরামপুর, ঝাঁঝা, কানদেবপুর ও গোভীপুর গ্রামে গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামকে ফুলের শুভেচ্ছা দেন।

এসময় এডভোকেট কামরুল ইসলাম বলেন, হাসিনা সরকারের আমলে জনগণ শান্তিতে ঘুমাতে পারেনি। অনেক মায়ের বুক খালি করে দিয়েছে এই শাসন। আমরা মনে করি, এই অন্যায়ের সঠিক বিচার হওয়া উচিত। তারেক রহমানের নির্দেশে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি, কারণ হাসিনা সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়েছিল।

আমরা একটি শান্তিপূর্ণ ভোটের পরিবেশ চাই, যেখানে জনগণ নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে ধানের শীষে ভোট দিতে পারবে। একটি উন্নত ও সুন্দর বাংলাদেশ গড়তে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে। জনগণের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে আমরা অটল থাকব।

এছাড়াও তিনি জনগণের মতামত শোনার পাশাপাশি তাদের সমস্যা ও প্রত্যাশা নিয়ে কথা বলেন।
এসময় মোঃ মিজানুর রহমান, মোঃ ওমর ফারুক, মোঃ লতিব বিশ্বাস, মোঃ মহিউদ্দিন, আব্দুল মান্নান, মোহাম্মদ ফরিদ বিশ্বাসসহ ইউনিয়ন বিএনপি ও ওয়ার্ড বিএনপি’র অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপি সহ অঙ্গসংগঠন ও সহযোগী অঙ্গসংগঠনের আয়জনে এক বর্নাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বিএনপির বিজয় মিছিলে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা

বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, জনি, উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সিনিয়র যুগ্ন আহবায়ক ইনজামামুল হক সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনের অসহযোগ অঙ্গ সংগঠনের অসংখ্য নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌর, সদর ও মুজিবনগর উপজেলার বিএনপি’র বিজয় দিবস পালন

“বিজয় এবার জনতা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মহান দিবস উপলক্ষে বিজয় র্যালি করেছে মেহেরপুর পৌর, সদর ও মুজিবনগর উপজেলা বিএনপি।

সোমবার (১৬ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে একটি বিজয় র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি কলেজ মোড় এলাকায় এসে শেষ হয়।

পরে সেখানে এক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশ শেষে কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পমাল্য দিয়ে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন নেতা।

এ সময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি মাসুদ অরুন।

সমাবেশে মাসুদ অরুন বলেন, দীর্ঘদিন লড়াই সংগ্রামে থেকেছি এখনো লড়াই সংগ্রাম করে যাচ্ছি। ২০২৪ শে আগস্ট এ অনেক রক্তের বিনিময়ে আমরা আজ দ্বিতীয়বারের মতন দেশ স্বাধন পেয়েছি। হাসিনা স্বৈরশাসকের পর আজ মানুষ স্বাধীনভাবে চলতে পারছে তাদের স্বাধীনভাবে কথা বলতে পারছে। জনতার অধিকারের জন্য লড়াই সংগ্রাম অব্যাহত থাকবে।

এসময় সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জাসাস সভাপতি অশেষ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবদ্দিন, বিএনপি নেতা হাবিবুর রহমান, ফজলুর রহমানসহ বিএনপির সহস্রাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন

মেহেরপুর জেলা বিএনপি’র নতুন

কমিটির বিজয় দিবস পালন

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ, বিজয় মিছিল এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করছে মেহেরপুর জেলা বিএনপি।

সোমবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্প মাল্য অর্পণ দোয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড থেকে জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর কলেজ মোড়ে গিয়ে শেষ হয়। পরে কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে সেখানে দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, গোলাম ফারুক, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ন সম্পাদক আব্দুল আউয়াল, সাবেক যুগ্ন সম্পাদক ইনসারুল হক ও মানজারুল হক, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান

মেনন, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আনিসুর রহমান লাভলু, সাধারণ সম্পাদক কাউসার আলী, সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক শাহেদুর রহমান বিপ্লব, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা লায়লা আরজুমান বানু, গাংনী উপজেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা ফরিদা ইয়াসমিন ও খালেদা আক্তারসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের হাজার হাজার নেতাকর্মী এসকল কর্মসূচীতে অংশ নেন।